নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali Science and Technology University : NSTU
নোয়াখালী-৩৮১৪

Phone : 880-321-62812
Fax : 880-321-62788
Mobile : 880-01733998894
E-mail : pronstu@gmail.com
Website : www.nstu.edu.bd

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publication Office

শিক্ষা নিয়ে গড়বো দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

নোবিপ্রবি/জনওপ্রকা/প্রেস বিজ্ঞপ্তি/০১/২০১৬-১৭-১৮ ৩০ অক্টোবর ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

ভর্তি ৪-১২ নভেম্বর ২০১৮

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ২০১৮-১৯ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক শ্রেণির ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। আজ মঙ্গলবার (৩০ অক্টোবর ২০১৮) সকাল ১১টায় উপাচার্যের কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে ভর্তি কমিটির চেয়ারম্যান উপাচার্য প্রফেসর ড. এম অহিদুজ্জামান সাংবাদিকদের সামনে আনুষ্ঠানিকভাবে এ ফলাফল প্রকাশ করেন। বিস্তারিত ফলাফল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nstu-admission.info) পাওয়া যাচ্ছে। এবার পরীক্ষায় মোট আবেদনের সংখ্যা ৭০,২৯৮; যার মধ্যে ভর্তি পরীক্ষায় উপস্থিতির হার ৭৮.৬২%; মোট পাশের হার ৮০.১৪%। পাশের হার এ ইউনিট ৮৫.৬০%, বি ইউনিট ৯০.৭১%, সি ইউনিট ৭৮.৮৪% এবং ডি ইউনিট ৬৪.২৫%, ই ইউনিটে ৬০.৬৫% এবং এফ ইউনিটে ৪২.২৮%। ফলাফল ঘোষণা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নোবিপ্রবি উপ-উপাচার্য প্রফেসর ড. মো. আবুল হোসেন, কোষাধ্যক্ষ প্রফেসর ড. মোহাম্মদ ফারুক উদ্দিন, প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের ডিন প্রফেসর ড. মোহাম্মদ ইউছুফ মিঞা, সমাজবিজ্ঞান ও মানবিক অনুষদের ডিন প্রফেসর ড. সৈয়্যদ আতিকুল ইসলাম, আইআইএস ইনস্টিটিউটের পরিচালক ড. মোহাম্মদ আব্দুল্লাহ আল মামুন, আইআইটি ইনস্টিটিউটের পরিচালক মোহাম্মদ নুরুজ্জামান ভূঁইয়া, ভর্তি কমিটির সচিব ও বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রফেসর মো. মমিনুল হক, ওশানোগ্রাফি বিভাগের চেয়ারম্যান এম গোলাম মোস্তফা, কৃষি বিভাগের চেয়ারম্যান ড. মো. আতিকুর রহমান ভূঞা, প্রক্টর ড. এস এম নজরুল ইসলাম, সাইবার সেন্টারের পরিচালক কৌশিক চন্দ্র হাওলাদার, ডেপুটি রেজিস্ট্রার মোহাম্মাদ জসিম উদ্দিন প্রমুখ।

প্রসঙ্গত, গত ২৬-২৮ অক্টোবর ৩ দিনব্যাপী এ, বি, সি, ডি, ই এবং এফ সহ ছয়টি ইউনিটের ৩০টি বিষয়ে ১ হাজার ৩২০ আসনের বিপরীতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। বিষয় নির্বাচন ও ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে।

লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের সাক্ষাৎকার ও ভর্তি:

মেধাতালিকায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ভর্তি :

ইউনিট	আসন	ভর্তির তারিখ	সময়সূচী	মেধাতালিকা (আসন খালি থাকা সাপেক্ষে)	
A	২৮০	০৪ নভেম্বর ২০১৮ (রবিবার)	সকাল ০৯.০০টা থেকে বিকেল ০৫.০০টা পর্যন্ত	০১-৭০০	
		০৫ নভেম্বর ২০১৮ (সোমবার)	সকাল ০৯.০০টা থেকে বেলা ০১.০০ টা পর্যন্ত	৭০১-১২০১	
B	২৭৮	০৫ নভেম্বর ২০১৮ (সোমবার)	বেলা ০২.০০টা থেকে বিকেল ০৫.০০ টা পর্যন্ত	০১-৪০০	
		০৬ নভেম্বর ২০১৮ (মঙ্গলবার)	সকাল ০৯.০০টা থেকে বিকেল ০৫.০০টা পর্যন্ত	৪০১-১২০১	
C	৮৩	০৭ নভেম্বর ২০১৮ (বুধবার)	সকাল ০৯.০০টা থেকে সকাল ১১.৩০ টা পর্যন্ত	০১-৫০১	
D	৩৪০	০৭ নভেম্বর ২০১৮ (বুধবার)	বেলা ১২.০০টা থেকে বিকেল ০৫.০০ টা পর্যন্ত	বিজ্ঞান শাখা	০১-৫০১
				ব্যবসায় শিক্ষা শাখা	০১-৩০১
				মানবিক শাখা	০১-১০১
		০৮ নভেম্বর ২০১৮ (বৃহস্পতিবার)	সকাল ০৯.০০টা থেকে বিকেল ০৫.০০টা পর্যন্ত	বিজ্ঞান শাখা	৫০১-১৫০১
E	১৪৭	১১ নভেম্বর ২০১৮ (রোববার)	সকাল ০৯.০০টা থেকে বেলা ০১.০০টা পর্যন্ত	০১-৬০১	
F	৮১	১১ নভেম্বর ২০১৮ (রোববার)	বেলা ০২.০০টা থেকে বিকেল ০৫.০০টা পর্যন্ত	০১-৩০১	
মেধাতালিকায় সর্বমোট আসন সংখ্যা: ১২০৯					

মুক্তিযোদ্ধা কোটায় (মেধাতালিকায়) উত্তীর্ণ শিক্ষার্থীদের ভর্তি:

ভর্তির তারিখ	ইউনিট	আসন	সময়সূচী	মেধাতালিকা (আসন খালি থাকা সাপেক্ষে)
১২ নভেম্বর ২০১৮ (সোমবার)	A	১৮	সকাল ০৯.০০টা থেকে বিকেল ০৫.০০টা পর্যন্ত	০১-৯৮
	B	১৯		০১-৯৮
	C	০৫		০১-৩০
	D	২৩		মেধাতালিকায় উত্তীর্ণ বিজ্ঞান, ব্যাবসায় শিক্ষা ও মানবিক শাখার সকল শিক্ষার্থী
	E	১০		০১-৪০
	F	০৬		০১-২৮
মুক্তিযোদ্ধা কোটায় (মেধাতালিকায়) সর্বমোট আসন সংখ্যা: ৮১				

উপজাতি কোটায় (মেধাতালিকায়) উত্তীর্ণ শিক্ষার্থীদের ভর্তি:

ভর্তির তারিখ	ইউনিট	আসন	সময়সূচী	মেধাতালিকা (আসন খালি থাকা সাপেক্ষে)
১২ নভেম্বর ২০১৮ (সোমবার)	A	০৭	সকাল ০৯.০০টা থেকে বিকেল ০৫.০০টা পর্যন্ত	০১-৩০
	B	০৮		০১-৩০
	C	০২		০১-০৮
	D	প্রযোজ্য নয়		প্রযোজ্য নয়
	E	১০		০১-২৪
	F	০৩		০১-১০
উপজাতি কোটায় (মেধাতালিকায়) সর্বমোট আসন সংখ্যা: ৩০				

অন্যান্য কোটায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ভর্তি:

কোটা	ভর্তির তারিখ	সময়সূচী
হরিজন ও দলিত সম্প্রদায় (উত্তীর্ণ প্রার্থীদের)	১২ নভেম্বর ২০১৮ (সোমবার)	সকাল ০৯.০০টা থেকে বিকেল ০৫.০০টা পর্যন্ত
প্রতিবন্ধী (দৃষ্টি, বাক ও শ্রবণ)	১৩ নভেম্বর ২০১৮ (মঙ্গলবার)	সকাল ০৯.০০টা থেকে বিকেল ০৫.০০টা পর্যন্ত
খেলোয়াড় (শুধুমাত্র বিকেএসপি থেকে উত্তীর্ণ শিক্ষার্থীদের)	১৩ নভেম্বর ২০১৮ (মঙ্গলবার)	সকাল ০৯.০০টা থেকে বিকেল ০৫.০০টা পর্যন্ত

২০১৮-১৯ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণীর ইউনিট ভিত্তিক সর্বমোট আসন সংখ্যা :

ইউনিট	মেধাতালিকায়	মুক্তিযোদ্ধা কোটায়	উপজাতি কোটায়	মোট আসন
A	২৮০	১৮	০৭	৩০৫
B	২৭৮	১৯	০৮	৩০৫
C	৮৩	০৫	০২	৯০
D	৩৪০	২৩	প্রযোজ্য নয়	৩৬৩
E	১৪৭	১০	১০	১৬৭
F	৮১	০৬	০৩	৯০
			সর্বমোট আসন	১৩২০

<u>ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র ও নির্দেশিকা :</u>

১. মেধাতালিকা থেকে ভর্তির অনুমতি প্রাপ্ত **A, B ও C** ইউনিটের উত্তীর্ণ প্রার্থীদের ০৪ নভেম্বর ২০১৮ তারিখ থেকে ০৮ নভেম্বর ২০১৮ পর্যন্ত এবং **D, E ও F** ইউনিটের প্রার্থীদের ০৭ নভেম্বর ২০১৮ তারিখ থেকে ১২ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে অবশ্যই ভর্তি হতে হবে।

২. মুক্তিযোদ্ধা এবং উপজাতি কোটা থেকে ভর্তির অনুমতি প্রাপ্ত প্রার্থীদেরকে ১২ নভেম্বর ২০১৮ তারিখ ভর্তি হতে হবে।

৩. এসএসসি ও এইচএসসি'র মূল মার্কশিট এবং প্রত্যেকটির একটি করে সত্যায়িত কপি অবশ্যই সঙ্গে আনতে হবে।

৪. বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত প্রবেশপত্রের (ভর্তি পরীক্ষার সময় কক্ষ পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত) কপি।

৫. ইউনিট ভিত্তিক "বিষয় নির্বাচনী ফরম" (চয়েস ফরম) অনলাইন থেকে সংগ্রহ ও পূরণ করে প্রিন্ট কপি সঙ্গে নিয়ে আসতে হবে।

৬. তিন কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

৭. নাগরিকত্ব সনদ/জন্ম নিবন্ধন সনদ/পাসপোর্ট এর সত্যায়িত কপি।

৮. মুক্তিযোদ্ধা কোটায় ভর্তিচ্ছু প্রার্থীদের পিতা-মাতার অনুকুলে সরকার কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সার্টিফিকেট এবং প্রয়োজনে দাদা-দাদী, নানা-নানীর সম্পর্কের বিষয় নিশ্চিত করার জন্য ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত এবং জেলা/ উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল কর্তৃক প্রত্যায়িত পিতা-মাতার ওয়ারিশ সনদ, জাতীয় পরিচয়পত্রের মূল কপি এবং সত্যায়িত কপি।

৯. ক্ষুদ্র নৃগোষ্ঠি (উপজাতি) প্রার্থীদের ক্ষেত্রে উপজাতি ভিত্তিক প্রত্যয়ন পত্রের মূল কপি ও সত্যায়িত কপি।

১০. হরিজন/দলিত সম্প্রদায়, প্রতিবন্ধী (দৃষ্টি, বাক ও শ্রবণ) সহ খেলোয়াড় (শুধুমাত্র বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান থেকে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের) কোটায় ভর্তির অনুমতি প্রাপ্ত প্রার্থীদের ভর্তির সময় যথাযথ প্রত্যয়নপত্র ও সনদপত্রের মূল কপি এবং সত্যায়িত কপি আনতে হবে।

১১. প্রথম টার্মের ক্রেডিট আওয়ার ফি সহ অন্যান্য ফি-চার্জ বাবদ সকল গ্রুপের জন্য সর্বসাকুল্যে ১৯,৬৫০.০০ (উনিশ হাজার ছয়শত পঞ্চাশ) টাকা ভর্তি হওয়ার জন্য সঙ্গে আনতে হবে। **উপরোল্লিখিত কাগজপত্র ব্যতিত কোন ছাত্রছাত্রীকে ভর্তির অনুমতি দেয়া হবে না।**

১২. ভর্তি ফি অগ্রণী ব্যাংক লি:, নোবিপ্রবি শাখা, অফিস চলাকালীন সময় হিসাব নং: ০২০০০০৫৩২৬৫৪৪ এ জমা দিয়ে ভর্তি হবে।

ইফতেখার হোসাইন
জনসংযোগ কর্মকর্তা
মোবা: ০১৭৩৩৯৯৮৮৯৪